

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ নভেম্বর ২০২৩খ্রি.

সড়ক সংস্কার কাজ পরিদর্শন করলেন ভারপ্রাপ্ত মেয়র

চট্টগ্রাম রেলওয়ে স্টেশন রোড থেকে নিউ মার্কেট সদরঘাট মোড় পর্যন্ত রাস্তা, ফুটপাথ, ড্রেন নির্মাণ কাজ পরিদর্শন করেছেন ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটন। এসময় ভারপ্রাপ্ত মেয়র চট্টগ্রামের গুরুত্বপূর্ণ এ পয়েন্টটির কাজ দ্রুত সময়ের মধ্যে কাজের মান রক্ষা করে শেষ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। এসময় ভারপ্রাপ্ত মেয়রের সাথে ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম, আবু তাহের, মো. আশফাক, প্রণব শর্মা উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে এলাকাবাসী ভারপ্রাপ্ত মেয়রের কাছে এলাকার বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন। তিনি পর্যায়ক্রমে সমস্যাগুলো সমাধানের আশ্বাস দেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮